# ফাগুন মাস

## হুমায়ুন আজাদ



জন্ম : ১৯৪৭ খ্রিষ্টাব্দ

মৃত্যু : ২০০৪ খ্রিষ্টাব্দ

### শিক্ষার্থীরা যা জানবে–

- বাংলার দামাল ছেলেদের বীরত্বের পরিচয়
- বায়ান্নর ভাষা আন্দোলন সম্পর্কে সঠিক তথ্য
- মাতৃভাষা রক্ষার্থে ভাষা শহিদদের আত্মদান সম্পর্কে
- মাতৃভাষা ও দেশপ্রেম এর তাৎপর্য
- ফাগুন মাসে মানুষের মনে যে বেদনার আবহ সৃষ্টি হয়

### ■ কবি পরিচিতি

| | |
|---|---|
| **নাম** | হুমায়ুন আজাদ। |
| **জন্ম পরিচয়** | **জন্ম :** ১৯৪৭ খ্রিষ্টাব্দ। **জন্মস্থান :** বিক্রমপুরের (বর্তমান মুন্সীগঞ্জ জেলা) রাড়িখাল গ্রাম। |
| **শিক্ষাজীবন** | হুমায়ুন আজাদ রাড়িখাল স্যার জগদীশচন্দ্র বসু ইনস্টিটিউশন থেকে মাধ্যমিক, ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিএ অনার্স এবং এমএ (বাংলা) পাস করেন। পরে স্কটল্যান্ডের এডিনবরা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি লাভ করেন। |
| **পেশা/কর্মজীবন** | হুমায়ুন আজাদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রভাষক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগে অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন। |
| **বিশেষ পরিচয়** | ভাষাবিজ্ঞানী, অধ্যাপক, কবি, ঔপন্যাসিক ও প্রাবন্ধিক। |
| **সাহিত্য সাধনা** | **কাব্যগ্রন্থ :** অলৌকিক ইস্টিমার, জ্বলো চিতাবাঘ, সবকিছু নষ্টদের অধিকারে যাবে, যতোই গভীরে যাই মধু যতোই উপরে যাই নীল, আমি বেঁচে ছিলাম অন্যদের সময় উল্লেখযোগ্য; **উপন্যাস :** ছাপ্পান্ন হাজার বর্গমাইল, সবকিছু ভেঙে পড়ে, জাদুকরের মৃত্যু, রাজনীতিবিদগণ, পাকসার জমিন সাদ বাদ ইত্যাদি। **প্রবন্ধগ্রন্থ :** রবীন্দ্র প্রবন্ধ : রাষ্ট্র ও সমাজ চিন্তা, শামসুর রাহমান : নিঃসঙ্গ শেরপা, লাল নীল দীপাবলি, কতো নদী সরোবর (কিশোরদের জন্য), বাংলা ভাষার শত্রুমিত্র ইত্যাদি। **গবেষণাগ্রন্থ :** বাক্যতত্ত্ব, তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান। |
| **পুরস্কার ও সম্মাননা** | বাংলা একাডেমি পুরস্কার (১৯৮৭)। |
| **জীবনাবসান** | ২০০৪ খ্রিষ্টাব্দ। |

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. ফাগুন মাসে কাদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়?**
ⓚ শহিদ বুদ্ধিজীবীদের ● ভাষাশহিদদের
ⓖ মুক্তিযোদ্ধাদের ⓖ বীরশ্রেষ্ঠদের

**২. 'ফাগুন মাসে রক্ত ঝরে পড়ে' বলতে কী বোঝানো হয়েছে?**
ⓚ চারদিক লাল ফুলে শোভিত হওয়া
ⓚ মায়ের চোখের জল
● ভাষা–আন্দোলনে আত্মত্যাগ
ⓖ মুক্তিযুদ্ধে শহিদদের আত্মত্যাগ

**৩. 'ফাগুন মাসে তাদেরই মনে পড়ে'– এখানে তাদেরই বলতে বোঝানো হয়েছে–**
i. ভাষাসৈনিকদের ii. মুক্তিযুদ্ধের শহিদদের
iii. ভাষা–শহিদদের
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**

বাংলাদেশের স্বাধীনতার বীজ রোপিত হয়েছিল ভাষা–আন্দোলনের মাধ্যমে। জাতীয় সঙ্কটকালে বাঙালি বারবার একতাবদ্ধ হয়ে মৃত্যুভয়কে তুচ্ছ করেছে। বায়ান্নতে বাঙালির একীভূত শক্তি মাতৃভাষাকে সুপ্রতিষ্ঠিত করেছে। তারই ধারাবাহিকতায় সর্বোপরি ৭১ সালে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত হয়েছে আমাদের মহান স্বাধীনতা।

**৪. কোন শক্তিবলে বাঙালি বারবার স্বাধীনতা আন্দোলন সংগ্রামে সফল হয়েছিল?**
ⓚ দেশের যুবশক্তির বলে ● আত্মত্যাগের শক্তিতে রূপান্তরিত হয়ে
ⓖ হরতাল মিছিল দ্বারা ⓖ ঐক্যবদ্ধ নেতৃত্বের সাহায্যে

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** '৫২ সালের ভাষা আন্দোলন

**আলোকচিত্রটি দেখে ও অনুচ্ছেদ পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**



[সূত্র : দৈনিক প্রথম আলো, ২১শে ফেব্রুয়ারি ২০১১ সংখ্যা]

ক. তোমার পঠিত 'ফাগুন মাস' কবিতায় প্রথম চরণে ফাগুনকে কী বলা হয়েছে?

খ. ফাগুন মাসে কেন দুঃখী গোলাপ ফোটে? বুঝিয়ে লেখ।

গ. চিত্রকর্মটিতে তোমার পঠিত 'ফাগুন মাস' কবিতার বিষয়গত মিল দেখাও।

ঘ. "চিত্রকর্মটি 'ফাগুন মাস' কবিতার ভাবকে ধারণ করেছে।"– তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** আমার পঠিত 'ফাগুন মাস' কবিতার প্রথম চরণে ফাগুনকে 'খুব ভীষণ দস্যি মাস' বলা হয়েছে।

**খ** ফাল্গুন মাসে ভাষা শহিদদের বুকের তাজা রক্তে রাজপথ রঞ্জিত হয়েছিল। বলে এই মাসে দুঃখী গোলাপ ফোটে।

'ফাগুন মাস' কবিতায় তুলে ধরা হয়েছে শোক ও বেদনার গভীর অনুভূতি। ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি বাংলার দামাল ছেলেরা মাতৃভাষার মর্যাদা রক্ষার্থে রাজপথে নামে। তখন মিছিলে গুলিবর্ষণ করলে অনেকেই শহিদ হয়। সেই মাসটি ছিল ফাগুন। তাই ফাগুন মাস এলেই ভাষা শহিদদের স্বজনদের মাঝে বেদনার ঝড় ওঠে। সবাই অশ্রুসিক্ত হয়। গোলাপের লাল রং ভাষা শহিদদের বুকের রক্তকে স্মরণ করিয়ে দেয়। তাই ফাগুন মাসে দুঃখী গোলাপ ফোটে।

**গ** 'ফাগুন মাস' কবিতায় উল্লিখিত চিত্রকর্মটিতে ভাষা আন্দোলনের ভাষার অধিকার আদায়ের অনুভূতির বিষয়গত দিকের সাথে মিল রয়েছে।

উদ্দীপকের চিত্রটি আমাদের ভাষা আন্দোলনকে স্মরণ করিয়ে দেয়। মাতৃভাষার বর্ণমালা দেখতে পাই যা বাঙালির শ্রেষ্ঠ অহংকার। এছাড়া দুজন শিশু এই ছবি অবলোকন করে ভাষার জন্য আত্মত্যাগ থেকে নিজেদের অধিকার আদায় করে নেওয়ার সাহস পাচ্ছে। 'ফাগুন মাস' কবিতায় কবি ফাগুন মাস এর গুরুত্বের বর্ণনা দিয়েছেন। ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি বাংলা ফাগুন মাসের ৮ তারিখ ভাষা আন্দোলন সংঘটিত হয় এবং অনেকে প্রাণ দেয়। মাতৃভাষার জন্য যে আত্মত্যাগ তা কবিতার শেষ কয়টি চরণে উপস্থাপন করা হয়েছে। সব মিলিয়ে বলা যায়, উদ্দীপকের চিত্রটি ও পঠিত 'ফাগুন মাস' কবিতা ভাষা আন্দোলন ও আত্মত্যাগের অনুভূতির সাথে মিল পরিলক্ষিত হয়।

**ঘ** 'ফাগুন মাস' কবিতায় ফাগুন মাসেই বাংলা ভাষার মর্যাদা রক্ষার সংগ্রামে ঢাকার রাজপথে বাংলার সাহসী সন্তানদের রক্তে রঞ্জিত হয়েছিল। এই মাস আমাদের মধ্যে দুঃখবোধ জাগিয়ে দেয়। আমাদের পূর্বপুরুষদের আত্মগৌরবে আমরাও একই সঙ্গে দুঃখী ও সাহসী হয়ে উঠি।

উদ্দীপকে ভাষা আন্দোলনের চিত্র প্রদর্শিত হয়েছে। যেখানে দেখা যায় ছাত্র–জনতা, নারী–পুরুষ, ধর্ম–বর্ণ নির্বিশেষে সবাই আন্দোলনে জড়িয়ে পড়েছে। ভাষার জন্য তারা রাজপথে নেমে এসেছে। কবে কয়েকজন খোকা রাজপথে রক্ত ঝরালো সেই স্মৃতি স্মরণ করিয়ে দিচ্ছে উদ্দীপকের চিত্রকর্ম। উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায়, আত্মত্যাগের প্রেরণা জোগাতে ভাষা আন্দোলনের এ চিত্রকর্মটি 'ফাগুন মাস' কবিতার ভাবকে ধারণ করেছে।

**প্রশ্ন– ২** ▸▸ বসন্তের আগমনী বার্তা

বন্ধুদের নিয়ে বাগানে পায়চারি করছিল শাওন। হঠাৎ তারা লক্ষ করল গাছের ডালপালায় সবুজ পাতা পল্লবিত হয়ে উঠেছে। আমের মুকুলে গুঞ্জন করছে মৌমাছি। পাতার আড়ালে শোনা যাচ্ছে কোকিলের মায়াবী কণ্ঠ। তখন সবাই বুঝতে পারল প্রকৃতিতে ধ্বনিত হচ্ছে বসন্তের আগমনী বার্তা।

ক. 'ফাগুন মাস' কবিতার রচয়িতা কে?
খ. 'ফাগুন মাসে সবুজ আগুন জ্বলে' –সবুজের আগুন বলতে কবি কী বুঝিয়েছেন তা বর্ণনা কর।
গ. উদ্দীপকের দৃশ্যপটটি 'ফাগুন মাস' কবিতার কোন অংশের সঙ্গে সাদৃশ্যপূর্ণ– ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে বর্ণিত ফাগুন মাসের আনন্দ ধারার সাথে ভাষা শহিদদের রক্তের ধারা কীভাবে সম্পর্কিত? তোমার মতামত দাও।

## ২ নং প্রশ্নের উত্তর

**ক** 'ফাগুন মাস' কবিতার রচয়িতা হুমায়ুন আজাদ।

**খ** 'ফাগুন মাসে সবুজ আগুন জ্বলে'– এখানে সবুজের আগুন বলতে কবি বন–বনানির সবুজের সমারোহকে বুঝিয়েছেন।

বসন্তের শুরু হয় ফাগুন মাস দিয়ে। এ মাসে প্রকৃতি যেন নতুন সাজে আবির্ভূত হয়। চারদিকে সবুজের সমারোহ আমাদের চোখে পড়ে। গাছে গাছে সবুজ রঙের কচিপাতা প্রকৃতিকে অপরূপ সবুজে সাজিয়ে তোলে। মাঠঘাটে সর্বত্রই সবুজ রঙের ছোঁয়া লক্ষ করা যায়। কবি ফাগুন মাসের প্রকৃতির সর্বত্র এই সবুজের সমারোহকে সবুজ আগুন বলে আখ্যায়িত করেছেন।

**গ** উদ্দীপকের দৃশ্যপটটি 'ফাগুন মাস' কবিতার প্রথম অংশের সঙ্গে সাদৃশ্যপূর্ণ।

'ফাগুন মাস' কবিতায় বলা হয়েছে যে, বসন্তের আগমনী বার্তা নিয়ে ফাগুন মাসের আগমন। ফাগুন মাসে প্রকৃতিতে যে সবুজের ছোঁয়া লাগে। ফাগুন মাস যেন দুরন্ত মাস। এ মাসেই পাথর ঠেলে সবুজ মাথাচাড়া দিয়ে ওঠে। গাছের শক্ত ডালপালায় সবুজ পাতা পল্লবিত হয়। এ মাসে চারদিকে পাখিদের কলরবে, মৌমাছিদের গুঞ্জনে বনবনানি মুখরিত হয়। প্রকৃতিতে বিরাজ করে চমৎকার পরিবেশ। এ সুন্দরের স্পর্শ মানুষকে আকৃষ্ট করে।

উদ্দীপকেও বলা হয়েছে, গাছের ডালপালায় সবুজপাতা পল্লবিত, মুকুলে মৌমাছির গুঞ্জন। পত্রপল্লবের আড়ালে কোকিলের মায়াবী কণ্ঠ সে গুঞ্জনকে আরো সুমধুর করে তোলে। কারণ ফাগুন মাসে প্রকৃতির সর্বত্রই সবুজের ছোঁয়ায় বসন্তের আগমনী সুর পাওয়া যায়। কবিতার প্রথম অংশে এবং উদ্দীপকে এ কথাই বর্ণিত হয়েছে। অর্থাৎ উদ্দীপকের দৃশ্যপট 'ফাগুন মাস' কবিতার প্রথম অংশের সাথে সাদৃশ্যপূর্ণ।

**ঘ** উদ্দীপকে বর্ণিত ফাগুন মাসের আনন্দ ধারার সাথে ভাষা শহিদের রক্তের ধারা অন্তর্গত ভাবব্যঞ্জনার দিক থেকে সম্পর্কযুক্ত।

উদ্দীপকে দেখা যায় ফাগুন মাসে প্রকৃতিতে অনেক নতুন ঝলমলে রঙের আবির্ভাব ঘটে যাতে মনে হয় যেন প্রকৃতিতে আনন্দের উপাদানগুলো যুক্ত হয়েছে। আমাদের জন্য ফাগুন মাসের এ আনন্দ ভাষা শহিদদের রক্তে অর্জিত যা উদ্দীপকের সাথে গভীর সম্পর্কযুক্ত। ফাগুন মাসে প্রকৃতিতে সবুজ রঙের আগুন লেগে যায়। চারদিকে সৌন্দর্যের রব ওঠে। সবুজ পাতায় সাথে চারিদিকে সবুজ আগুন জ্বলে ওঠে। উদ্দীপকে প্রকৃতির সৌন্দর্যের কথা তুলে ধরা হয়েছে। 'ফাগুন মাস' কবিতায় দেখা যায় ফাগুন আমাদের মন ধাবিত হয় ১৯৫২ সালের ৮ই ফাগুনের রক্ত মাখা রাজপথের দিকে। ফাগুন মাসে প্রকৃতির মধ্যে যেভাবে আনন্দধারা প্রবাহিত হয় একইভাবে ভাষাশহিদদের জন্য বাঙালির হৃদয়ের অন্তস্তলে বেদনাবোধ জাগ্রত হয়। তাই ফাগুন মাসের আনন্দধারার সাথে ভাষা শহিদের রক্তের ধারা ব্যঞ্জনা তৈরি করে। তাই বলা যায়, ফাগুন মাসের আনন্দধারার সাথে ভাষা শহিদদের রক্তের ধারা গভীরভাবে সম্পর্কিত।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

➲ **কবি পরিচিতি** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮৯

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. হুমায়ুন আজাদের জন্ম কত খ্রিষ্টাব্দে? (জ্ঞান)
● ১৯৪৭ ⓚ ১৯৫০ ⓖ ১৯৫৫ ⓘ ১৯৬০

২. হুমায়ুন আজাদ কোন জেলায় জন্মগ্রহণ করেন? (জ্ঞান)
ⓚ ঢাকা ● মুন্সিগঞ্জ ⓖ গাজীপুর ⓘ নরসিংদী

৩. 'ফাগুন মাস' কবিতাটির রচয়িতা কে? (জ্ঞান)
ⓚ কামিনী রায় ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত
● হুমায়ন আজাদ ⓘ রবীন্দ্রনাথ ঠাকুর

৪. হুমায়ুন আজাদ কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসেবে নিয়োজিত ছিলেন? (জ্ঞান)
● ঢাকা বিশ্ববিদ্যালয় ⓚ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়
ⓖ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ⓘ রাজশাহী বিশ্ববিদ্যালয়

৫. হুমায়ুন আজাদ সাহিত্যে বিশেষ অবদানের জন্য কোন পুরস্কার লাভ করেন? (জ্ঞান)
ⓚ একুশে পদক ● বাংলা একাডেমি পুরস্কার
ⓖ মুক্তিযুদ্ধ পুরস্কার ⓘ স্বাধীনতা পদক

৬. কর্মজীবনের শুরুতে হুমায়ুন আজাদ কোন পেশায় নিযুক্ত ছিলেন? (জ্ঞান)
ⓚ সাংবাদিক ● অধ্যাপনা ⓖ রাজনীতি ⓘ ওকালতি

৭. হুমায়ুন আজাদ কত সালে বাংলা একাডেমি পুরস্কার পান?
[মিরপুর গার্লস আইডিয়াল ল্যাব. ইনস্টিটিউট]
● ১৯৮৭ ⓚ ১৯৮৮ ⓖ ১৯৮৯ ⓘ ১৯৯০

৮. হুমায়ুন আজাদ কোথায় মৃত্যুবরণ করেন? (জ্ঞান)
ⓚ জাপানে ● জার্মানিতে ⓖ অস্ট্রেলিয়ায় ⓘ আমেরিকায়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯. হুমায়ুন আজাদ খ্যাতি পেয়েছিলেন— (অনুধাবন)
i. বাংলা ভাষার গবেষক হিসেবে
ii. বাংলা সাহিত্যের গবেষক হিসেবে
iii. বাংলা নাটকের গবেষক হিসেবে
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১০. হুমায়ুন আজাদের উলেরখযোগ্য কবিতাগ্রন্থের নাম— (অনুধাবন)
i. অলৌকিক ইস্টিমার ii. জ্বলো চিতাবাঘ
iii. লাল নীল দীপাবলি
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১১. হুমায়ুন আজাদ ছিলেন একজন— (অনুধাবন)
i. ভাষাবিজ্ঞানী ii. প্রাবন্ধিক iii. ঔপন্যাসিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

১২. হুমায়ুন আজাদের কিশোর উপযোগী রচনা— (অনুধাবন)
i. বাক্যতত্ত্ব ii. কতো নদী সরোবর
iii. লাল নীল দীপাবলি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

➲ **মূলপাঠ** ➟ বোর্ড বই, পৃষ্ঠা ৮৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩. কোন দেশের মাঠে ফাগুন মাসে সবুজ আগুন জ্বলে? (জ্ঞান)
ⓚ ভারতের ⓚ পাকিস্তানের ⓖ শ্রীলঙ্কার ● বাংলাদেশের

১৪. কবির ভাষায় কোন মাস হাওয়ায় দীর্ঘশ্বাস ছড়ায়? (জ্ঞান)
ⓚ বৈশাখ ● ফাগুন ⓖ চৈত্র ⓘ আষাঢ়

১৫. কবির মতে, ফাগুন তার বুকের কী ঢেলে আগুন জ্বেলে দেয়? (জ্ঞান)
ⓚ তাপ ● ক্রোধ ⓖ দাহ ⓘ শক্তি

১৬. কে বুকের ক্রোধ ঢেলে আগুন জ্বেলে দেয়? (জ্ঞান)
● ফাগুন ⓚ ভাইয়েরা ⓖ দস্যুরা ⓘ বোনেরা

১৭. কোন মাসে দুঃখী গোলাপ ফোটে? (জ্ঞান)
ⓚ শ্রাবণ ● ফাগুন ⓖ ভাদ্র ⓘ আশ্বিন

১৮. ফাগুন কাদের হারানোর ভয় বুকের ভেতর পোষে? (জ্ঞান)
ⓚ ভাইদের ● খোকাদের ⓖ বোনদের ⓘ মায়েদের

১৯. ফাগুন মাসে কী ঠেলে মাথা উঁচোয় ঘাস? (জ্ঞান)
ⓚ পাহাড় ● পাথর ⓖ মাটি ⓘ শিলা

২০. সব দিকের বন ঝিলিক দিয়ে প্রতিদিন কী রং হয়? (জ্ঞান)
● লাল ⓚ নীল ⓖ সবুজ ⓘ হলুদ

২১. হাড়ের মতো শক্ত ডাল ফেড়ে নবরূ পে কী জেগে ওঠে? (জ্ঞান)
ⓚ মরা পাতা ⓚ ঘাস ⓖ ফুল ● সবুজ পাতা

২২. ফাগুন মাসে কী রঙের ফুল প্রকৃতিকে নতুন করে সাজায়? (জ্ঞান)
ⓚ টিয়া ● লাল ⓖ সবুজ ⓘ গোলাপি

২৩. ফাগুন মাসে প্রকৃতি হাওয়ায় হাওয়ায় কী ছড়ায়? (জ্ঞান)
ⓚ নিঃশ্বাস ● দীর্ঘশ্বাস ⓖ হতাশা ⓘ বেদনা

২৪. 'ফাগুন মাস' কবিতায় বনে কারা কাঁদে? (জ্ঞান)
● গোলাপ ⓚ রজনীগন্ধা ⓖ জবা ⓘ বেলি

২৫. ফাগুন মাসে বনে বনে কীসের আগুন জ্বলে? (জ্ঞান)
ⓚ রক্তের ⓚ গোলাপের ● সবুজের ⓘ ধূসরের

২৬. মায়ের চোখে কোন মাসে জল দেখা যায়? (জ্ঞান)
ⓚ বৈশাখ ● ফাগুন ⓖ জ্যৈষ্ঠ ⓘ চৈত্র

২৭. ফাগুন মাসে কারা ভাই হারানোর শোকে কেঁদে ওঠে? (জ্ঞান)
● বোনেরা ⓚ ভাইয়েরা ⓖ আত্মীয়রা ⓘ প্রতিবেশীরা

২৮. ফাগুন মাসে যারা ভাষা আন্দোলনে মারা গিয়েছিল তাদেরকে কী বলা হয়? (জ্ঞান)
ⓚ গাজী ⓚ প্রতিবাদী ● ভাষা শহিদ ⓘ যোদ্ধা

২৯. ফাগুন মাস হাওয়ায় হাওয়ায় দীর্ঘশ্বাস ছড়ায় কেন? (অনুধাবন)
ⓚ প্রিয়জন কাছে না থাকায় ⓚ বনে বনে গোলাপের কান্নায়
ⓖ মার্চের স্মৃতি মনে পড়ায় ● একুশের রক্তঝরা স্মৃতি মনে পড়ায়

৩০. 'সবুজ আগুন' বলতে কী বোঝানো হয়েছে? (অনুধাবন)
● তারবণ্যেভরা বিস্তৃত প্রকৃতি ⓚ প্রকৃতির অপরূ প পরিবেশে আগুন লাগা
ⓖ সবুজ রঙের আগুন ⓘ বনে আগুন লেগে যাওয়া

৩১. ফাগুন মাস ভীষণ দুঃখী কেন? (অনুধাবন)
ⓚ কস্ত্রহীন মানুষের প্রতি সহানুভূতির জন্য ● ভাষা শহিদদের জীবন উৎসর্গের জন্য
ⓖ স্বাধীনতা অধিকারের জন্য ⓘ ছয় দফা দাবি আদায়ের জন্য

৩২. ফাগুন মাসে দু চোখ ছলোছলো হয় কেন? (অনুধাবন)
ⓚ শহিদ মুক্তিযোদ্ধাদের স্মৃতি বেদনায় ⓚ শহিদ বুদ্ধিজীবীদের স্মৃতি বেদনায়
● ভাষা শহিদদের স্মৃতি বেদনায় ⓘ গণআন্দোলনকারীদের স্মৃতি বেদনায়

৩৩. '১৯৭১ সালের ২৫শে মার্চ পাকিস্তানি হানাদার বাহিনী এদেশের নিরীহ জনগণের ওপর আক্রমণ করে'— 'ফাগুন মাস' কবিতায় কাদের সাথে আক্রমণকারীদের তুলনা করা হয়েছে? (প্রয়োগ)
ⓚ শয়তান ● দস্যু ⓖ ডাকাত ⓘ হামলাকারী

৩৪. 'মাতৃভাষা বাংলাকে প্রতিষ্ঠিত করার জন্য এদেশের ছাত্রজনতা তাদের বুকের রক্তে রাজপথ রঞ্জিত করে'— আলোচ্য বক্তব্যের প্রতিফলন ঘটেছে কোন চরণটিতে? (প্রয়োগ)
ⓚ বুকের ক্রোধ ঢেলে ● ফাগুন মাসে রক্ত ঝরে পড়ে
ⓖ ঝিলিক দিয়ে প্রত্যহ হয় লাল ⓘ বাংলাদেশের মাঠে বনের তলে

৩৫. ফাগুন মাসে বুকের ভেতর কী জেগে ওঠে?
[পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়, যশোর]
● শহিদ মিনার ⓚ সুবজ আগুন ⓖ দুঃখ ⓘ খোকা

৩৬. কে হারানো ভাইকে দুই বাহুতে বেঁধে কাঁদে?
[পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়, যশোর]
● বোন ⓚ মা ⓖ কবি ⓘ খোকা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৭. ফাগুন মাসে ভাষার দাবি আদায়ের জন্য পথে নেমেছিল— (অনুধাবন)
i. বাংলার নারীরা ii. বাংলার সাহসী সন্তানরা
iii. বাংলার কয়েকজন খোকা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৩৮. ফাগুনটা খুব ভীষণ— (অনুধাবন)
i. দস্যি মাস ii. দুঃখী মাস iii. আনন্দময় মাস
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৯. ফাগুন মাসে— (অনুধাবন)
i. সবুজ আগুন জ্বলে ii. গোলাপ কাঁদে বনে
iii. দস্যু আসে রথে

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪০. **'ফাগুন মাস' কবিতায় প্রকৃতির রূ পবৈচিত্র্য ফুটে উঠেছে যে চরণে—** (উচ্চতর দক্ষতা)
i. সবুজ আগুন জলে  ii. সবুজ পাতা বাড়ে  iii. গোলাপ কাঁদে বনে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪১. **ফাগুন মাস কবিতাটি আমাদেও যে চেতনাকে জাগিয়ে তোলে—** (উচ্চতর দক্ষতা)
i. বসন্ত ঋতুর স্মৃতি  ii. ভাষা শহিদদের স্মৃতি  iii. একুশের স্মৃতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪২ ও ৪৩নং প্রশ্নের উত্তর দাও :**

আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি
ছেলেহারা শত মায়ের অশ্রু–গড়া এ ফেব্রুয়ারি—
আমি কি ভুলিতে পারি।

৪২. **অনুচ্ছেদের কবিতাংশটি 'ফাগুন মাস' কবিতার কোন ভাবটিকে ধারণ করেছে?** (প্রয়োগ)
● ভাষা আন্দোলনের  খ মুক্তিযুদ্ধের
গ গণঅভ্যুত্থানের  ঘ কৃষক আন্দোলনের

৪৩. **অনুচ্ছেদের কবিতাংশের সাথে 'ফাগুন মাস' কবিতার সাদৃশ্যপূর্ণ বিষয় হলো—** (উচ্চতর দক্ষতা)
i. ভাই হারানোর বেদনা  ii. পুত্রহারা মায়ের শোক
iii. ভাইয়ের বুকের তাজা রক্তের রং
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৪ ও ৪৫নং প্রশ্নের উত্তর দাও :**

প্রতিবছর ফাগুন মাস বাঙালির জীবনে সুখের পাশাপাশি দুঃখবোধও জাগ্রত করে। ফাগুনের সৌন্দর্য আমাদের মুগ্ধ করলেও ১৯৫২ সালের ফাগুন মাসেই সংঘটিত হয় ভাষা আন্দোলন। যেখানে আমাদের অনেক ভাইরা আত্মত্যাগ করে ভাষার জন্য। তাই ফাগুন শুধু আনন্দ নয় দুঃখের অনুভূতিও সৃষ্টি করে।

৪৪. **অনুচ্ছেদের আলোচ্য বিষয়ের সাথে তোমার পঠিত কোন কবিতার সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
ক মুজিব  খ সভা  গ বাঁচতে দাও  ● ফাগুন মাস

৪৫. **অনুচ্ছেদের সারকথা উক্ত কবিতার মৌল তাৎপর্যকে যেভাবে প্রস্ফুটিত করেছে—** (উচ্চতর দক্ষতা)
i. ফাল্গুন মাসের সঙ্গে একুশে ফেব্রুয়ারি একই সূত্রে গাঁথা
ii. ফাল্গুন মাস শোক ও বেদনামিশ্রিত মাস
iii. ফাগুনের হাওয়া আমাদের নব আশার সঞ্চার করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৬ ও ৪৭নং প্রশ্নের উত্তর দাও :**

২১শে ফেব্রুয়ারি প্রতিবছরই আসে আর সেদিন সমস্ত বাঙালি চিত্ত জেগে ওঠে সংগ্রামী প্রেরণায়। ভাষা শহিদরা তাদের আত্মত্যাগের শক্তি দিয়ে সাহস জোগায় আজও প্রতিটি বাঙালির মনে।

৪৬. **অনুচ্ছেদের আলোচ্য বিষয়ের সঙ্গে কোন কবিতাটির সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
ক সভা  খ মুজিব
● ফাগুন মাস  ঘ পাখির কাছে ফুলের কাছে

৪৭. **অনুচ্ছেদে উক্ত কবিতার প্রেক্ষাপটে ভাষা শহিদরা বাঙালির মনে জাগ্রত করে—** (উচ্চতর দক্ষতা)
i. প্রেরণা  ii. সংগ্রামী চেতনা  iii. ত্যাগের মহিমা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**➲ শব্দার্থ ও টীকা** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮৮

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৮. **বাংলা ঋতুর কততম মাস ফাল্গুন?** (জ্ঞান)
ক ৪র্থ  খ ২য়  গ ৭ম  ● ১১তম

৪৯. **'ফেড়ে' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
ক কেটে  ● চিরে  গ ভেঙে  ঘ কুড়িয়ে

৫০. **ফাল্গুন মাসে রথে চড়ে আসে কে?** (জ্ঞান)
ক সাহসী  খ দুঃখী  গ দুরন্ত  ● দস্যু

৫১. **লাল ফুলের সম্ভারে রঙিন হয়ে ওঠে—** (জ্ঞান)
● ফাগুন  খ গ্রীষ্ম  গ বর্ষা  ঘ মনের চেতনা

৫২. **মায়ের চোখে ফাগুন মাসে জল কেন?** (অনুধাবন)
ক খোকা হারানোর কষ্টে  খ স্বামী হারানোর বেদনায়
● ছেলে হারানোর বেদনায়  ঘ পরাময়ের বেদনা

৫৩. **কোন মাসকে দুরন্ত মাস হিসেবে কল্পনা করা হয়েছে?** (জ্ঞান)
● ফাগুন  খ চৈত্র  গ বৈশাখ  ঘ মাঘ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৪. **'ডুকরে ওঠে' শব্দটি 'ফাগুন মাস' কবিতায় যে অর্থ বহন করে—** (প্রয়োগ)
i. থেমে থেমে জোরে কান্না  ii. চিৎকার করে কান্না
iii. নীরবে চোখের জল পড়া
**নিচের কোনটি সঠিক?**
● i  খ ii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৫৫. **ফাগুন মাস কবিতায় কবি 'বুকের ক্রোধ ঢেলে'— কথাটির মাধ্যমে যা প্রকাশ করেছেন—** (উচ্চতর দক্ষতা)
i. প্রতিবাদ  ii. বিক্ষোভ  iii. আনন্দ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৫৬. **'ফেড়ে' শব্দটি যে অর্থ বহন করে—** (অনুধাবন)
i. চিরে  ii. বিদীর্ণ করে  iii. ক্রোধের সাথে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৫৭. **ফাগুন মাসে দেশপ্রেমিক প্রতিটি বাঙালি যে চেতনায় আলোড়িত হয়—** (অনুধাবন)
i. শহিদ মিনারের  ii. ভাষা শহিদদের
iii. মুক্তিযোদ্ধাদের
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**➲ পাঠ পরিচিতি** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮৮

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৮. **'ফাগুন মাস' কবিতার রচয়িতা কে?** (জ্ঞান)
ক রফিক আজাদ  খ শামসুর রাহমান
● হুমায়ুন আজাদ  ঘ আহসান হাবীব

৫৯. **ভাষা আন্দোলন কত সালে সংঘটিত হয়?** (জ্ঞান)
ক ১৯৪৭  খ ১৯৫৮  ● ১৯৫২  ঘ ১৯৫০

৬০. **১৯৫২ সালের বাংলা কোন মাসে ভাষা আন্দোলন সংঘটিত হয়?** (জ্ঞান)
ক চৈত্র  খ বৈশাখ  গ আশ্বিন  ● ফাল্গুন

৬১. **১৯৫২ সালে ইংরেজি কোন মাসে ভাষা আন্দোলন হয়েছিল?** (জ্ঞান)
● ফেব্রুয়ারি  খ জুন  গ এপ্রিল  ঘ সেপ্টেম্বর

৬২. **১৯৫২ সালের ফেব্রুয়ারি মাসের কত তারিখে ভাষার জন্য সংগ্রাম সংগঠিত হয়েছিল?** (জ্ঞান)
ক ২৩  ● ২১  গ ২০  ঘ ১৬

৬৩. **বাংলাদেশের ফাগুন মাস কীসের অনুভূতি ধারণ করে?** (অনুধাবন)
ক আনন্দের  ● শোক ও বেদনার  গ বেদনা  ঘ সৌন্দর্যের

৬৪. **ভাষার জন্য আত্মত্যাগকারীরা আমাদের মনে কী ভাব জোগায়?** (অনুধাবন)
ক শক্তি ও সৌন্দর্যবোধ  খ শক্তি ও মমতা
● শক্তি ও সাহস  ঘ শক্তি ও দুর্বলতা

৬৫. **ফাগুন মাস এলে মানুষের মনে কোন চেতনার আলোড়ন জাগে?**
[ক্যান্টনমেন্ট হাইস্কুল, যশোর]
ক মুক্তিযুদ্ধ  খ বিশ্বযুদ্ধ  গ দেশ বিভাগ  ● ভাষা আন্দোলন

৬৬. **'ফাগুন মাসেই ভাষা সৈনিকরা রক্তে রঞ্জিত করেছিল ঢাকার রাজপথ'- এর মধ্য দিয়ে ভাষা সৈনিকদের কোন গুণের প্রকাশ ঘটেছে?** (উচ্চতর দক্ষতা)
ক সততা  খ ধৈর্য  গ নিষ্ঠা  ● দেশপ্রেম

৬৭. **আমাদের দেশের ফাল্গুন অন্য দেশের ফাল্গুনের সঙ্গে বৈসাদৃশ্যপূর্ণ কেন?** (প্রয়োগ)
ক আমাদের ফাল্গুনে মিশে আছে উলরাস
● আমাদের ফাল্গুনে মিশে আছে দুঃখবোধ ও শোক
গ আমাদের ফাল্গুনে বৈচিত্র্যময় নয়
ঘ আমাদের ফাল্গুন প্রকৃতিকে রাঙিয়ে তোলে

৬৮. **'ফাগুন মাস' কবিতায় কবির কোন উদ্দেশ্য প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)

ⓚ মানুষকে ফাগুন মাসের বৈশিষ্ট্য দেখানো
ⓖ একাত্তরের মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রত করা
● বায়ান্নর ভাষা আন্দোলনের চেতনা জাগ্রত করা
ⓘ দেশ বিভাগের চেতনা জাগ্রত করা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৯. **'ফাগুন মাস' কবিতায় যে চেতনা প্রতিফলিত হয়েছে–** (উচ্চতর দক্ষতা)
i. ফাগুন মাসের সৌন্দর্য ii. মুক্তিযুদ্ধের চেতনা
iii. ভাষা আন্দোলনের চেতনা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭০. **ফাগুনের আগমনে ভাষা সৈনিকদের আত্মত্যাগের গৌরবে আমরা–** (উচ্চতর দক্ষতা)
i. দুঃখী হয়ে উঠি ii. সাহসী হয়ে উঠি iii. আনন্দিত হয়ে উঠি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭১. **হুমায়ুন আজাদ 'ফাগুন মাস' কবিতায় তুলে ধরেছেন–** (উচ্চতর দক্ষতা)
i. বেদনার অনুভূতি ii. শোকের অনুভূতি iii. আনন্দের অনুভূতি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭২. **ফাগুন এলেই আমরা ভাষার জন্য আত্মদানকারী পূর্বপুরুষদের জন্য অনুভব করি–** (অনুধাবন)
i. দুঃখ ii. মমতা iii. ঈর্ষা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** আনন্দ–বেদনার গৌরবগাথা

ঋতুরাজ বসন্ত প্রকৃতিকে চমৎকার রূপে সাজিয়ে দেয়। বাংলাদেশের ইতিহাস ফাল্গুন মাস এবং একুশে ফেব্রুয়ারি সঙ্গে জড়িয়ে আছে ভাষা–আন্দোলন এবং স্বাধীনতা যুদ্ধের গৌরবগাথা। বসন্তের অপরূপ প্রকৃতির সঙ্গে এ গৌরব গাথা আমাদেরকে আরও সাহসী এবং দৃঢ় প্রত্যয়ী করে তোলে। কিন্তু শহিদ পুত্রের কথা স্মরণ করে শাহনারা বেগম প্রায়ই কাঁদেন। এ বসন্ত ঋতু যেন একদিকে বেদনার, অন্যদিকে আনন্দের।

ক. বসন্ত ঋতুর প্রথম মাস কোনটি? ১
খ. ফাল্গুনকে কবি দস্যি মাস বলেছেন কেন? ২
গ. উদ্দীপকে 'ফাগুন মাস' কবিতার মূলভাবটি কীভাবে প্রকাশ পেয়েছে? বর্ণনা দাও। ৩
ঘ. এ বসন্ত ঋতু যেন একদিকে বেদনার, অন্যদিকে আনন্দের।'– মন্তব্যটি 'ফাগুন মাস' কবিতা অবলম্বনে বিশ্লেষণ কর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** বসন্ত ঋতুর প্রথম মাস ফাল্গুন।

**খ** ফাল্গুন মাস ভাষা আন্দোলনের রক্তাক্ত স্মৃতি বহন করে বলে কবি এই মাসকে দস্যি মাস বলেছেন।

বাংলাদেশের ইতিহাসে ফাল্গুন মাস এবং একুশে ফেব্রুয়ারি একই সূত্রে গাঁথা। এ মাসেই বাংলা ভাষায় সংগ্রামে ঢাকার রাজপথ বাংলার সাহসী সন্তানদের রক্তে রঞ্জিত হয়েছিল। তাই কবি ফাল্গুন মাসকে দস্যি মাস বা দুরন্ত মাস বলেছেন।

**গ** 'ফাগুন মাস' কবিতা ও উদ্দীপকে ফাল্গুন মাসের প্রকৃতির রূপবৈচিত্র্য এবং আমাদের পূর্বপুরুষদের আত্মত্যাগের কথা আলোচিত হয়েছে।

'ফাগুন মাস' কবিতায় প্রকৃতিতে সবুজের সমারোহ, কঠিন পাথরের বুকেও ঘাসের উৎপত্তি, সর্বত্র ফুলের সম্ভারে ঢেকে যাওয়া, বনবনানির সবুজ বিস্তৃতি ইত্যাদি প্রাকৃতিক সৌন্দর্য চমৎকারভাবে বর্ণিত হয়েছে। উদ্দীপকেও এ দিকগুলো ফুটে উঠেছে। আবার 'ফাগুন মাস' কবিতার মহান ভাষা–আন্দোলন, স্বাধীনতা যুদ্ধ, মায়ের নিকট শহিদপুত্রের স্মৃতি, শহিদ মিনার, অধিকার আদায়ে দৃঢ়তা ইত্যাদি আলোচিত হয়েছে। প্রাকৃতিক সৌন্দর্য আর আত্মত্যাগের দিক কবিতায় যেরূপ স্থান পেয়েছে, উদ্দীপকেও তার প্রতিফলন ঘটেছে।

**ঘ** বসন্ত ঋতুর সূচনা ফাল্গুন মাস রুক্ষ প্রকৃতিকে সতেজ ও সজীব করে মানব মনে জাগিয়ে দেয় আনন্দের শিহরণ। এই আনন্দের মাঝেও ভাই হারানোর বেদনা, সন্তানহারানোর শোকাবহ পরিবেশ আমাদেরকে ভাবিয়ে তোলে।

'ফাগুন মাস' কবিতায় রয়েছে শোক ও বেদনার গভীর অনুভূতি। ভাষার জন্য আত্মদানকারী বাংলার দামাল সন্তানদের জন্য বাংলার মানুষের দুঃখ ও মমতার কথাও রয়েছে কবিতায়। জীবন দিয়ে ভাষাকে যারা মর্যাদার আসনে অধিষ্ঠিত করে গেছেন তাঁদের কথা আমরা ভুলে যাইনি। আমাদের কাছে তাঁরা অমর হয়ে আছেন। তাঁদের আদর্শ আমাদেরকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করে শক্তি, সাহস ও প্রেরণা জোগায় আমাদের মনে। তাই উদ্দীপকের মন্তব্যটির সঙ্গে সুর মিলিয়ে বলতে পারি, এ ফাল্গুনের যেন একদিকে বেদনা অন্যদিকে আনন্দ।

**প্রশ্ন– ২** ঋতুরাজ বসন্তের আগমন ও ভাষাশহিদদের মায়ের প্রতীক্ষা

১. "কুমড়ো ফুলে ফুলে
নুয়ে পড়েছে লতাটা,
সজনে ডাঁটায়
ভরে গেছে গাছটা
আর আমি
ডালের বড়ি শুকিয়ে রেখেছি
খোকা, তুই কবে আসবি?
কবে ছুটি?"

২. 'খোকা এলি?"
ঝাপসা চোখে মা তাকায়
উঠানে–উঠানে
যেখানে খোকার শব
শকুনিরা ব্যবচ্ছেদ করে।

[আন্তঃক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, রংপুর]

ক. ফাগুন মাসে কেমন আগুন জ্বলে? ১
খ. ফাগুন মাসে প্রকৃতি কেমন সাজে সজ্জিত হয়? ২
গ. উদ্দীপকের ১নং কবিতাংশের সাথে 'ফাগুন মাস' কবিতার কোন অংশের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ২নং কবিতাংশের মা আর 'ফাগুন মাস' কবিতায় বর্ণিত মা একসূত্রে গাঁথা। মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** ফাগুন মাসে সবুজ আগুন জ্বলে।

**খ** ফাগুন মাসে প্রকৃতি নব ও রঙিন সাজে সজ্জিত হয়।

ফাগুন মাস খুব দস্যি মাস। এ মাসে প্রকৃতিতে আসে নতুনের জাগরণ। নতুন পাতা শক্ত কাণ্ড ও পাথরের বাধা ভেদ করে প্রকৃতির বুকে বেরিয়ে আসে। পাথরের বুকেও যেন সবুজ জায়গা করে নেয়। বনের যেদিকে তাকানো যায় চারদিকে সবুজের সমারোহে মুগ্ধ হতে হয়। ফাগুন মাসে বন ফুলে ফুলে সেজে ওঠে। চারদিকে সবুজের সাজ সাজ রব দেখে মনে হয় প্রকৃতি যেন সবুজ রঙে সেজেছে।

**গ** উদ্দীপকের ১নং কবিতাংশের সাথে 'ফাগুন মাস' কবিতার বসন্ত প্রকৃতির রূপের বর্ণনাংশের মিল দেখা যায়।

উদ্দীপকের কবিতাংশে একটি গ্রামীণ পরিবেশের বর্ণনা দেওয়া হয়েছে। পরিবেশটি নেওয়া হয়েছে ফাল্গুন মাসে। কোনো এক কৃষানির আঙিনায় কুমড়ো ফুলে ফুলে লতাটা ছেয়ে গেছে, সজনে গাছে ডাঁটাগুলো ঝুলে আছে। কৃষাণি তার ছেলের জন্য ডালের বড়ি করে শুকিয়ে রাখছে। তার খোকা কবে আসবে সে অপেক্ষায় প্রহর গুণছে সে। 'ফাগুন মাস' কবিতাতেও প্রকৃতির রূপবৈচিত্র্য তুলে ধরা হয়েছে। সেখানে সবুজ পাতার বেড়ে ওঠা। সকল দিকে বনের বিশাল সমারোহ, ফুলে ফসলে বাংলাদেশের মাঠে, বনের তলে সবুজের আগুন জ্বলে।

**ঘ** উদ্দীপকের ২নং কবিতাংশের মা আর 'ফাগুন মাস' কবিতায় বর্ণিত মা একসূত্রে গাঁথা– মন্তব্যটি যথার্থ।

উদ্দীপকের ২নং কবিতাংশের মা, বহু প্রতীৰার পর তার সন্তানকে কাছে ফিরে পায় লাশ রূ পে। তার সে আদরের খোকা, শকুনিদের হিংস্রতার শিকার। অশ্রবভেজা ঝাপসা চোখে মা উঠানের দিকে তাকিয়ে দেখে তার ছেলের লাশকে শকুনিরা ব্যবচ্ছেদ করছে। তখন মাতৃহৃদয়ে বেদনার বান ডেকে যায়। অনুরূ প শোক লৰ করা যায় 'ফাগুন মাস' কবিতার মায়ের মধ্যেও। এ মাসে শহিদের পুত্রের কথা স্মরণ করে মায়ের চোখ জলে ভরে ওঠে। সে জল ঘাসের উপর পড়ে টলমল করে কাঁপতে থাকে। উভয় ৰেত্রেই সন্তান হারানো মায়ের শোক প্রকাশ পেয়েছে। মায়ের আদরের খোকা, শকুনিদের হিংস্রতার শিকার অশ্রবভেজা ঝাপসা চোখে মা উঠানের দিকে তাকিয়ে দেখে তার ছেলের লাশকে শুকনিরা ব্যবচ্ছেদ করছে। তখন মাতৃ হৃদয়ের বেদনার বান ডেকে যায়। যা কবিতা এবং উদ্দীপক উভয় ৰেত্রে লৰ্যণীয়। উদ্দীপকের ২নং কবিতাংশের মা যেন, ফাগুন মাসে ছেলে হারানো মায়ের প্রতিফলন। এরা দুজনই ভাষার জন্য সংগ্রামে শহিদ জননী। এদের দু'জনের শোক ও পুত্রের জন্য গভীর স্নেহ–মমতা একই ধারায় উৎসারিত। সুতরাং উদ্দীপকের কবিতাংশের মা এবং 'ফাগুন মাস' কবিতাংশের মা এক সূত্রে গাঁথা।

**প্রশ্ন– ৩** ▸▸ ভাষা শহিদদের আত্মত্যাগ ও বাঙালির প্রতিরোধ

মিছিলটি যখন ঢাকা মেডিকেল কলেজের সামনে আসে ঠিক তখনি পুলিশ গুলিবর্ষণ করে। ঘটনাস্থলেই রফিক, বরকত, জব্বার, সালামসহ নাম না জানা অনেকেই মৃত্যুবরণ করেন। এ বর্বরোচিত হামলার প্রতিবাদে সারাদেশে বিদ্রোহের আগুন জ্বলে ওঠে। ছাত্র, জনতাসহ সর্বস্তরের মানুষ শহিদের রক্তে রঞ্জিত রাজপথে নেমে আসে এবং প্রবল প্রতিরোধ গড়ে তোলে।

ক. 'ফেড়ে' শব্দের অর্থ কী? ১
খ. ফাগুন মাসে বোনেরা কেন কেঁদে ওঠে? ২
গ. উদ্দীপকের বিষয় তোমার পাঠ্য কোন কবিতায় প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উক্ত কবিতার আংশিক ভাবের প্রতিফলন ঘটেছে"– উক্তিটির যথার্থতা নিরূ পণ কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** ফেড়ে শব্দের অর্থ চিরে, বিদীর্ণ করে।

**খ** ফাগুন মাসে ভাষা আন্দোলনে ভাই হারিয়ে বোনেরা কাঁদে।

১৯৫২ সালের ভাষা আন্দোলনে ২১শে ফেব্রবয়ারি বাংলার দামাল ছেলেদের রক্তে রঞ্জিত হয় ঢাকার পিচঢালা রাজপথ। তখন বঙ্গাব্দের ফাগুন মাস। এ সময় অনেক বোন তাদের প্রিয় ভাইদের হারিয়েছে। তাই বোনেরা এ সময় কাঁদে।

**গ** উদ্দীপকে উলিৱখিত ভাষা আন্দোলনের পটভূমি আমার পাঠ্য 'ফাগুন মাস' কবিতায় প্রতিফলিত হয়েছে।

ভাষা আন্দোলনের মিছিলে বাংলার দামাল ছেলেদের রক্ত ঝরার পরিপ্রেৰিতে সারা দেশে আন্দোলনের দাবানল ছড়িয়ে পড়ে।

'ফাগুন মাস' কবিতায়ও বলা হয়েছে, ভাইয়েরা পথে নামে বুকের ক্রোধ ঢেলে দিয়ে আন্দোলন করার জন্য। বাংলাদেশের শহরে, গ্রামে সর্বত্রই মানুষ আন্দোলনের দাবানল জ্বালিয়ে দেয়। শহিদের রক্তে রঞ্জিত রাজপথে নেমে আসে সর্বস্তরের জনতা। গড়ে তোলে শাসকগোষ্ঠীর বিরুদ্ধে প্রবল প্রতিরোধ। ফাগুন মাসে রক্ত ঝরে পড়ে। ভাষা শহিদদের আত্মত্যাগের বিনিময়ে দেশের সর্বত্রই প্রবল প্রতিরোধ গড়ে ওঠে।

অর্থাৎ উদ্দীপকের বিষয়টি 'ফাগুন মাস' কবিতার প্রতিফলিত হয়েছে।

**ঘ** উদ্দীপকে 'ফাগুন মাস' কবিতার আংশিক ভাবের প্রতিফলন ঘটেছে'– উক্তিটি যথার্থ।

উদ্দীপকে 'ফাগুন মাস' কবিতার ভাষা শহিদদের আত্মত্যাগ ও প্রবল প্রতিরোধের বিষয় প্রতিফলিত হয়েছে। 'ফাগুন মাস' কবিতায় প্রতিফলিত হওয়া অন্যান্য বিষয় এখানে অনুপস্থিত। 'ফাগুন মাস' কবিতায় প্রকৃতিতে ফাগুনের আগমনী বার্তা লক্ষ করা যায়। ফাগুন মাসে প্রকৃতিতে সবুজের যে সমারোহ তা আমাদের আনন্দের পরিবর্তে দুঃখের কথা মনে করে দেয়। এ মাসেই ভাষা শহিদদের আত্মত্যাগ আমাদের মনে একই সঙ্গে কষ্ট ও সাহসের সঞ্চার করে।

উদ্দীপকে 'ফাগুন মাস' কবিতার প্রথম অংশের প্রতিফলন ঘটেনি। ফাগুন মাস কবিতায় ভাষা আন্দোলনের পাশাপাশি প্রকৃতির বর্ণনা রয়েছে। গাছের সবুজ পাতা, থোকায় থোকায় ফুল ইত্যাদি কবিতায় স্থান পেয়েছে যা উদ্দীপকে অনুপস্থিত। বরং ভাষা শহিদদের আত্মত্যাগের কাহিনি বর্ণিত হয়েছে। শাসকগোষ্ঠীর বর্বরোচিত হামলায় ভাষা শহিদদের প্রাণ হারানোর পর সর্বস্তরের জনতা যে রাজপথে নেমে আসে তা উদ্দীপকে ও কবিতায় সমভাবে প্রতিফলিত হয়েছে।

তাই বলতে পারি, উদ্দীপকে 'ফাগুন মাস' কবিতার আংশিক ভাবের প্রতিফলন ঘটেছে– উক্তিটি যথার্থ।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৪** ▸▸ বাংলা ভাষার মর্যাদা রৰার সংগ্রাম

১৯৫২ সালের ফেব্রবয়ারি মাস বাঙালি জাতির চেতনার মাস। এ মাসে ভাষার দাবিতে শহিদ হয় অনেক মায়ের ছেলে। প্রতি বছর এ সময়ে মায়ের বুকে সন্তান হারানোর বেদনা জেগে ওঠে। দু'চোখে ভরে আসে জল।

ক. ফাল্গুন মাসে বুকের ভেতর কী ওঠে? ১
খ. ফাল্গুন মাসে চোখে জল আসে কেন? ২
গ. উদ্দীপকটি সাথে 'ফাগুন মাস' কবিতার কোন দিকটি তুলে ধরে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'ফাগুন মাস' কবিতাটি পরস্পর একাত্ম"– উক্তিটির যথার্থতা বিশেৱষণ কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** ফাগুন মাসে বুকের ভেতর শহিদ মিনার জেগে ওঠে।

**খ** শহিদপুত্রের কথা স্মরণ করে ফাল্গুন মাসে মায়ের চোখে জল আসে।

বায়ান্ন সালে ভাষা আন্দোলনে অনেক মা তার সন্তান হারিয়েছেন। ফাল্গুন মাস সেই ভাষা শহিদদের স্মৃতি নিয়ে আসে সকল মায়ের মনে শহিদপুত্রের কথা স্মরণ করে। তাই মায়ের চোখে জল আসে।

*Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** 'ফাগুন মাস' কবিতায় বর্ণিত ভাষা আন্দোলনের প্রসঙ্গটি ব্যাখ্যা কর।

**ঘ** 'ফাগুন মাস' কবিতার মূল বক্তব্য বিশেৱষণ কর।

**প্রশ্ন– ৫** ▸▸ ফাগুন মাসের প্রকৃতি

জয়ন্তী 'ক' নামক দেশে ভ্রমণ করতে গেল। সেখানে বাংলাদেশের মতো বিভিন্ন ঋতুর খেলায় বসন্তের আবির্ভাব হয়। বসন্তে সেদেশের প্রকৃতি এক বিচিত্র সৌন্দর্যের চাদরে ঢেকে যায়। এই সৌন্দর্যের অনুভূতিতে সেখানের মানুষের মন থেকে সকল প্রকার শোক দুঃখের অনুভূতি মৱান হয়ে যায়। বসন্তে তারা এক উজ্জ্বল আনন্দে অবগাহন করে।

ক. বাংলা বছরের একাদশ মাস কোনটি? ১
খ. 'হাওয়ায় হাওয়ায় ছড়ায় দীর্ঘশ্বাস।' – চরণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'ফাল্গুন মাস' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক' দেশের মানুষের মনে ফাগুনের প্রভাব বাংলাদেশের মানুষের মনে ফাগুনের প্রভাবের সম্পূর্ণ বিপরীতমুখী'– মন্তব্যটি বিচার কর। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলা বছরের একাদশ মাস ফাগুন।

**খ** ভাষা শহিদদের স্মৃতিবিজড়িত বলে ফাল্গুন মাসে বাতাসে বাতাসে মানুষের দীর্ঘশ্বাস ছড়িয়ে পড়ে।

ফাল্গুন মাস ইতিহাসের দুঃখের স্মৃতিবিজড়িত। এ মাসেই ভাষা শহিদরা বাংলাভাষা প্রতিষ্ঠার জন্য জীবন উৎসর্গ করেছিলেন। তাই এ মাসে বাতাসে বাতাসে দীর্ঘশ্বাস ছড়িয়ে পড়ে।

*Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** 'ফাগুন মাস' কবিতার বিষয়বস্তু তলে ধরা উদ্দীপকের সাদৃশ্য ব্যাখ্যা কর।

**ঘ** বাংলাদেশের মানুষের মনে ফাগুন মাসের প্রভাব মূল্যায়ন কর।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কোন মাস খুব দস্যি?**
**উত্তর :** ফাগুন মাস খুব দস্যি।
**প্রশ্ন ॥ ২ ॥ পাথর ঠেলে কী মাথা উঁচোয়?**
**উত্তর :** পাথর ঠেলে ঘাস মাথা উঁচোয়।
**প্রশ্ন ॥ ৩ ॥ ফাগুন মাসে কী রঙের আগুন জ্বলে?**
**উত্তর :** ফাগুন মাসে সবুজ রঙের আগুন জ্বলে।
**প্রশ্ন ॥ ৪ ॥ ফাগুন মাসে হাওয়ায় হাওয়ায় কী ছড়ায়?**
**উত্তর :** ফাগুন মাসে হাওয়ায় হাওয়ায় দীর্ঘশ্বাস ছড়ায়।
**প্রশ্ন ॥ ৫ ॥ ফাগুন মাসে গোলাপ কোথায় কাঁদে?**
**উত্তর :** ফাগুন মাসে গোলাপ বনে কাঁদে।
**প্রশ্ন ॥ ৬ ॥ ঘাসের ওপর কী টলমল করে কাঁপে?**
**উত্তর :** ঘাসের ওপর মায়ের চোখের জল টলমল করে কাঁপে।
**প্রশ্ন ॥ ৭ ॥ হারানো ভাই দুই বাহুতে বেঁধে কে কেঁদে ওঠে?**
**উত্তর :** হারানো ভাই দুই বাহুতে বেঁধে বোনেরা কেঁদে ওঠে।
**প্রশ্ন ॥ ৮ ॥ ফাল্গুন মাসে দস্যুরা কীসে চড়ে আসে?**
**উত্তর :** দস্যুরা রথে চড়ে আসে।
**প্রশ্ন ॥ ৯ ॥ ফাগুন মাসে কী ফোটে?**
**উত্তর :** ফাগুন মাসে দুঃখী গোলাপ ফোটে।
**প্রশ্ন ॥ ১০ ॥ বুকের ভেতর কী ওঠে?**
**উত্তর :** বুকের ভেতর শহিদ মিনার ওঠে।
**প্রশ্ন ॥ ১১ ॥ কয়েকজন খোকা কী করল?**
**উত্তর :** কয়েকজন খোকা থোকা থোকা রক্তের ফুল ফোটাল।
**প্রশ্ন ॥ ১২ ॥ ফাগুন মাসের দু'চোখ কী করে?**
**উত্তর :** ফাগুন মাসের দু'চোখ ছলছল করে।
**প্রশ্ন ॥ ১৩ ॥ বুকের ভেতর ফাগুন কী পোষে?**
**উত্তর :** বুকের ভেতর ফাগুন ভয় পোষে।
**প্রশ্ন ॥ ১৪ ॥ কান্নারা সব কোথায় ডুকরে ওঠে?**
**উত্তর :** কান্নারা সব মনে ডুকরে ওঠে।
**প্রশ্ন ॥ ১৫ ॥ ফাগুন মাসের সবুজ আগুন কোথায় জ্বলে?**
**উত্তর :** ফাগুন মাসের সবুজ আগুন মাঠে বনের তলে জ্বলে।
**প্রশ্ন ॥ ১৬ ॥ বাংলাদেশের কোথায় রক্ত ঝরে পড়ে?**
**উত্তর :** বাংলাদেশের শহর গ্রামে চরে রক্ত ঝরে পড়ে।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ ফাগুন মাসকে দুঃখী বলার কারণ কী?**
**উত্তর :** ফাগুন মাসকে দুঃখী বলার কারণ হলো– এ মাসে বাংলার বুক রক্তে রঞ্জিত হয়েছিল।
ভাষা আন্দোলন হয়েছিল ফাল্গুন মাসে। ফাল্গুন মাস বাংলার স্বাধীনতা যুদ্ধের বীজকে জেগে উঠতে দেখেছিল, দেখেছিল অনেক সাহসী ছেলের লাশ। এ মাসে খালি হয়েছিল স্নেহময়ী মায়ের বুক। বোনেরা হারিয়েছিল আদরের ভাই। এ কারণেই ফাল্গুনকে দুঃখী মাস বলা হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ ফাগুন মাসে বোনদের কেঁদে ওঠার কারণ দর্শাও।**
**উত্তর :** ফাগুন মাসে বোনদের কেঁদে ওঠার কারণ হলো, এ মাসে তারা ভাইদেরকে হারিয়েছে।
মহান ভাষা আন্দোলন হয়েছিল ফাগুন মাসে। এ মাসে ভাষার জন্য শত্রবর গুলিতে প্রাণ হারিয়েছে অনেক বোনের ভাইরা। প্রকৃতিগতভাবে ভাইয়েরা বোনদের আদরের স্থান। বোনের হৃদয়ে ভাইয়ের জন্য মাতৃরূ পী ভালোবাসা সঞ্চিত থাকে। ফাগুন মাসে বোনেরা কেঁদে ওঠে ভাই হারানোর শোকে। প্রিয়জন হারানোর বেদনা হৃদয়কে ৰতবিৰত করে যার প্রতিফলন দেখা যায় চোখের পানিতে। তাই ফাগুন মাসে বোনেরা কাঁদে।

**প্রশ্ন ॥ ৩ ॥ 'ফুল ফোটালো রক্ত থোকা থোকা।'– বুঝিয়ে লেখ।**
**উত্তর :** 'ফুল ফোটালো রক্ত থোকা থোকা।'– লাইনটি দ্বারা শহিদদের রক্তধারাকে বোঝানো হয়েছে। কারণ ফাগুন মাসে বাংলার বুকে অনেক রক্ত ঝরেছিল।
বাংলার সাহসী সন্তানরা বাংলাকে প্রাণ দিয়ে ভালোবাসে। ফাগুন মাসে বাংলার বুকে শত্রব আগমন করেছিল। বাংলার খোকারা সেসব শত্রবকে বুকের রক্ত দিয়ে প্রতিহত করেছিল। আলোচ্য লাইন দ্বারা এটাই বোঝানো হয়েছে।

**প্রশ্ন ॥ ৪ ॥ 'দস্যু আসে রথে' 'দস্যু' বলতে কী বোঝানো হয়েছে?**
**উত্তর :** 'দস্যু আসে রথে'– চরণে দস্যু বলতে পাক হানাদারদের বোঝানো হয়েছে।
১৯৭১ সালের ২৫শে মার্চ পাক হানাদাররা এদেশে অতর্কিতে আক্রমণ করে। আমাদের দেশে ফাল্গুন মাস মার্চ এবং ফেব্রবয়ারি মাসের মাঝামাঝি অবস্থিত। ১৯৫২ সালের, ফেব্রবয়ারিতে পাকিস্তানি বাহিনী ভাষার দাবিতে আন্দোলনরত মানুষদের নির্মমভাবে হত্যা করে। ভাষা আন্দোলন এবং মুক্তিযুদ্ধে এভাবে অগণিত মানুষকে হত্যা করে তারা। কবির কাছে তাই পাক হানাদাররা দস্যুর মতো। তাদের এদেশে আগমন দস্যুর আগমনস্বরূ প।

**প্রশ্ন ॥ ৫ ॥ ফাল্গুনকে 'দস্যি মাস' বলা হয়েছে কেন?**
**উত্তর :** ফাল্গুন মাসের দুরন্ত বৈশিষ্ট্যের কারণে এটিকে দস্যি মাস বলা হয়েছে।
ফাল্গুন মাস বাংলার সৌন্দর্য প্রকাশের মাস। এ মাসে ফাল্গুন হয়ে ওঠে দুরন্ত। শক্ত ডাল থেকে মাথা ঠেলে বের হয় সবুজ পাতা। বাংলার মাঠে–বনে সবুজের আগুন জ্বালিয়ে দেয় ফাল্গুন। এ সময় বনের সব গাছই সবুজের সমারোহে ভরপুর হয়ে ওঠে। ফাল্গুন মাসের এ দুরন্ত বৈশিষ্ট্যের জন্যই ফাল্গুন যেন আমাদের ভাষা শহিদদের মতো দস্যি হয়ে ওঠে।

**প্রশ্ন ॥ ৬ ॥ ফাল্গুন মাসে বনে কেন গোলাপ কাঁদে?**
**ভাষা শহিদদের স্মরণে**
**হাওয়ায় হাওয়ায় দীর্ঘশ্বাস ছড়ায়**
**উত্তর :** ফাল্গুন মাসে ভাষা আন্দোলনে গিয়ে বাংলার দামাল ছেলেরা শহিদ হওয়ায় ফাল্গুন মাস এলে বনে গোলাপ কাঁদে।
ফাল্গুন মাসে প্রকৃতির সবুজ পাতা ঘিরে ফুটে ওঠে নানা গোলাপ। আর এ ফাল্গুন মাসেই ভাষা আন্দোলনে অজস্র বাংলার সন্তান শহিদ হন। প্রতি বছর ফাল্গুন মাস এলে শহিদদের স্বজনেরা বেদনা ও দুঃখে আপ্লুত হয়ে ওঠে। ফাল্গুন মাসে ভাষা শহিদদের মৃত্যুর স্মৃতি মনে করে বনে গোলাপ কাঁদে।